সাধারণ মানুষের শঙ্কা ও উদ্বেগ দুর করতে হবে

মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা-পাঙ্গাসিপাড়ায় গভীর রাতে গোয়ালঘরের তালা ভেঙে দুটি গরু চুরির ঘটনাটি আইনশৃঙ্খলা পরিস্থিতির ওপর এক গভীর উদ্বেগের ছায়া ফেলেছে। মেহেরপুর প্রতিদিনসহ কয়েকটি সংবাদপত্রের মাধ্যমে জানতে পারা যায়, মেহেরপুরের বিভিন্ন গ্রামে এমনকি শহরেও চুরির উপদ্রব বেড়েছে।

এ চুরির ঘটনায় এলাকার সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ ও শঙ্কায় পড়েছেন। ফলে কেবল শহরাঞ্চলই নয়, অপেক্ষাকৃত শান্ত গ্রামীণ জনপদও এখন সংঘবদ্ধ অপরাধী চক্রের সহজ লক্ষ্যে পরিণত হচ্ছে।

একটি কৃষিপ্রধান দেশে, একটি গরু কোনো সাধারণ সম্পত্তি নয়। এটি কৃষকের বছরের পর বছর ধরে সঞ্চিত মূলধন, জীবিকা নির্বাহের প্রধান অবলম্বন এবং বহু পরিবারের অর্থনৈতিক নিরাপত্তার ভিত্তি। ঢেপা- পাঙ্গাসিপাড়ের মতো একটি গ্রামে যখন একটি এইড়ে (ষাঁড়) ও একটি গাভিন জাতের গরু চুরি হয়ে যায়, তখন কেবল দুটি প্রাণী হারায় না, বরং একটি বা দুটি পরিবার আর্থিক বিপর্যয়ের মুখে পড়ে।

এই কৃষকেরা প্রায়শই কষ্টার্জিত অর্থ দিয়ে বা ঋণ করে গরু কেনেন। গভীর রাতে সংঘটিত এই চুরির ঘটনা সেই কৃষকদের কেবল নিঃস্বই করে না, তাদের মনে এক ধরনের অসহায়তা ও নিরাপত্তাহীনতার জন্ম দেয়। এই নিরাপত্তাহীনতা তাদের কৃষিকাজ থেকে শুরু করে সামগ্রিক জীবনযাত্রায় নেতিবাচক প্রভাব ফেলে।

এই ধরনের অপরাধের পুনরাবৃত্তি স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকারিতা নিয়ে প্রশ্ন তোলে। গভীর রাতে যখন সংঘবদ্ধ চোরের দল একটি গোয়ালঘরের তালা ভেঙে চুরি করে, তখন বুঝতে হবে যে এলাকায় টহল ব্যবস্থা দুর্বল এবং চোরদের মনে আইনের ভয় কমে আসছে। অপরাধীরা যখন দ্রুত ধরা পড়ে না বা চুরি যাওয়া সম্পদ উদ্ধার হয় না, তখন তা অন্য অপরাধীদের উৎসাহিত করে এবং সাধারণ মানুষের মধ্যে আস্থার সংকট তৈরি করে।

স্থানীয় প্রশাসনের উচিত, এই ধরনের স্পর্শকাতর অপরাধের ক্ষেত্রে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া এবং এগুলোর পুনরাবৃত্তি রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

নিরাপত্তার এই চ্যালেঞ্জ মোকাবিলায় শুধুমাত্র পুলিশি তৎপরতা যথেষ্ট নয়; প্রয়োজন সামাজিক প্রতিরোধ এবং গণ-সহযোগিতা। চুরি ডাকাতি রোধে প্রতিটি গ্রামে এখন সম্মিলিত উদ্যোগে রাত পাহারার (কমিউনিটি ওয়াচ) ব্যবস্থা জোরদার করা জরুরি।

স্থানীয় জনপ্রতিনিধি, মসজিদের ইমাম এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিদের উচিত এই ধরনের উদ্যোগের নেতৃত্ব দেওয়া এবং প্রশাসনকে এ ব্যাপারে সহযোগীতা প্রদান করা। এর পাশাপাশি, প্রশাসনকে চোর চক্রের মূল হোতাদের চিহ্নিত করে কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। চুরি যাওয়া গরু উদ্ধারে দ্রুত ব্যবস্থা নিতে হবে, যাতে ক্ষতিগ্রস্ত পরিবারগুলো কিছুটা হলেও স্বস্তি পায় এবং জনমনে আস্থা ফিরে আসে।

গ্রামীণ অর্থনীতিকে সুরক্ষিত রাখতে হলে কৃষকের সম্পদ সুরক্ষিত রাখা অপরিহার্য। গরু চুরির ঘটনাটি সমগ্র গ্রামীণ জনপদের জন্য একটি সতর্কবার্তা।

এই শঙ্কা ও উদ্বেগ দূর করার দায়িত্ব রাষ্ট্রের। স্থানীয় প্রশাসন, রাজনৈতিক নেতৃত্ব এবং সাধারণ নাগরিক—সকলের সম্মিলিত প্রচেষ্টাই পারে গ্রামীণ জনপদে নিরাপত্তা ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে। কৃষকের চোখে শঙ্কা নয়, বরং তার পরিশ্রমে গড়া সম্পদের নিরাপত্তা নিশ্চিত করাই হোক রাষ্ট্রের মূল অঙ্গীকার।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার সময় সভাকক্ষে প্রেসক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত এ সভায় সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলোচনা ও প্রেসক্লাব কেন্দ্রিক গুরত্বপূর্ণ সিদ্ধান্ত সদস্যদের সাথে আলোচনার মধ্য দিয়ে গ্রহণ করা হয়। সভায় আবেদনের প্রেক্ষিতে নতুন তিনজনকে সদস্যপদ অনুমোদন এবং একজন সদস্যকে অব্যহতি দেওয়া হয়।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় এই সাধারণ সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও সদস্য ইয়াদুল মোমিন, সহ-সভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধ্যক্ষ দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহীন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, সদস্য আমিরুল ইসলাম অল্ডাম, তোফায়েল হোসেন, রফিকুল আলম বকুল, শোমেল রানা, মুর্তজা ফারুক রূপক, মাসুদ রানা, শহিদুল ইসলাম, পাভেল হোসেন, খান মাহমুদ আল রাফি, কামরুল ইসলাম, এস এম তারেক ।

ঝিনাইদহে কেন্দ্রীয় সমবায় ব্যাংক’র সাধারণ সভা

কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেড ঝিনাইদহ-এর ৫৪ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকালে ঝিনাইদহ শহরের সমবায় ব্যাংক চত্বরের বার্ষিক সাধারণ সভা ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ জাহিদুজ্জামান মনা’র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সহ-সভাপতি ও ঝিনাইদহ জেলা দোকান মালিক সমিতির সভাপতি মোঃ আনোয়ারুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের নির্বাহী কর্মকর্তা মোঃ ফারুক মিয়া, কোটচাঁদপুর উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, শৈলকুপা উপজেলা সমবায় অফিসার মজিবর রহমান, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার শ.ম. রাশেদুল আলম, সদর উপজেলা সমবায় অফিসার শামিমা নাছরিন, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ঝিনাইদহের সহ-সভাপতি আঃ গফুর, সদস্য আজিজুর রহমান তিতু, ব্যাংক সদস্য সৈয়দ শফিউল ইসলাম, সমবায় ব্যাংকের এসিস্ট্যান্ট অফিসার মো জাহিদুর রহমান জিহাদ সহ অন্যান্যরা।

পরে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে ৯ সদস্য বিশিষ্ট কমিটিতে মোঃ

জাহিদুজ্জামান মনা সভাপতি ও মোঃ আনোয়ারুল ইসলাম বাদশাকে নির্বাহী সদস্য নির্বাচিত করেন।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জীবননগর উপজেলা পরিষদের সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে এ সময় মাসিক সাধারন সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় আরো উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, জীবননগর থনার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক প্রমুখ।

সভায় অতিথিরা জীবননগর উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নসহ বিভিন্ন বিষয় আলোচনা করেন।